

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৫০.১৭-২০৮

তারিখঃ ২৪/১২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ পিপিআর আইন/বিধিমালার ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বিসি-১৮/২১৯২; তারিখঃ ০৬/১১/২০১৮ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর বিধি-২৯(৩) অনুসারে “কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক বা পণ্যের ব্যবসায়িক নাম (trade name) পেটেন্ট, নকশা বা ধরণ, নির্দিষ্ট উৎস দেশের নাম (country of origin), উৎপাদনকারী বা সেবা সরবরাহকারীর নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করা যাইবে না” মর্মে উল্লিখিত আছে। বিনির্দেশের সাধারণরূপ প্রস্তুতক্রমে সেটি দরপত্রদাতাগণের নিকট সহজে বোধগম্য করে উপস্থাপন করার ক্ষেত্রে ক্রয়কারীর পর্যাপ্ত কারিগরি দক্ষতা না থাকলে বিনির্দেশে কোন সুনির্দিষ্ট ব্র্যান্ডের পণ্যের বিবরণ উল্লেখপূর্বক বিনির্দেশে “বা একইরূপ বা সমতুল্য” শব্দগুলো যোগ করতে হবে [বিধি-২৯(৪)]। উপর্যুক্ত বিধিতে প্রতীয়মান হয় যে কারিগরি বিনির্দেশ প্রস্তুতের ক্ষেত্রে বিধি-২৯(৪)-এ যে বিকল্প দেয়া আছে তা কোন সুনির্দিষ্ট পণ্যের ব্র্যান্ড নামের ক্ষেত্রে প্রযোজ্য; পণ্যের উৎস বা দেশের নাম উল্লেখের ক্ষেত্রে কোন নির্দিষ্ট দেশ বা একাধিক দেশের নাম উল্লেখ করার সুযোগ নেই।

০২। পত্রে বর্ণিত ২নং ক্রমিকের বিষয়ে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ১৫(১) ধারামতে ক্রয়কারী কর্তৃক বিনির্দেশ প্রস্তুত করার সময় চাহিত পণ্যের সঠিক ও পরিপূর্ণ বর্ণনা প্রদান যেন প্রতিযোগিতাকে সীমাবদ্ধকর না করে তার নিশ্চয়তা বিধান করতে হবে। এছাড়াও অপরিহার্য না হলে Dimension, ওজন ইত্যাদি parameter গুলো সুনির্দিষ্ট করার সুযোগ নেই। অর্থাৎ বিনির্দেশের Parameter সমূহ একটি নির্দিষ্ট রেঞ্জের ভিত্তিতে উল্লেখ করা হলে অধিক প্রতিযোগিতা নিশ্চিত হতে পারে।

০৩। প্রেরিত পত্রের ৩নং ক্রমিকের বিষয়ে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর বিধি-৪৯(১)(ক)(উ) অনুসারে দরপত্র দিলে সরবরাহের জন্য নির্ধারিত পণ্যের নমুনা চাওয়ার বিধান রয়েছে। তবে এটি বাস্তবতার নিরিখে করা প্রয়োজন। বাজারে সহজলভ্য এবং নমুনা হিসেবে দাখিলের উপযুক্ত এমন পণ্যের নমুনা দাখিলের শর্ত ক্রয়কারী সতর্কতার সঙ্গে আরোপ করতে পারে। অধিকন্তু, কেবল ক্রয়দেশের ভিত্তিতে প্রস্তুত করা হয় এমন ধরনের পণ্যের ক্ষেত্রে নমুনা দাখিলের শর্ত আরোপ করা হলে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের মধ্যে নমুনা দাখিল বাস্তবসম্মত হবে না, এতে দরপত্রে অধিক অংশ গ্রহণ নিবুৎসাহিত হবে এবং দরপত্রে অংশগ্রহণ দরদাতার জন্য অতিমাত্রায় ব্যয়বহুল হবে। সর্বোপরি দরপ্রস্তাবে দাখিলকৃত দরের উপরও তার প্রভাব পড়বে।

০৪। সূত্রস্থ পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ’ল।

জনাব আরেফিন হোসেন  
ব্যবস্থাপনা পরিচালক  
বাবেল কর্পোরেশন লিঃ  
১২/১, সংসদ এভিনিউ, মনিপুরি পাড়া, ঢাকা-১২১৫।

  
২৪/১২/১৮  
(মোসাঃ মৌসুমী হাবিব)  
উপ-পরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।